# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা।

# সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ১৪ জানুয়ারি ২০১৬, ১ মাঘ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সবার জন্য পুষ্টি নিশ্চিত করতে হবে : ঋণ বিতরণ কর্মসূচি উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

২। গার্মেন্টস এ্যাক্সেসরিজ শিল্পের জন্য পূর্ণাঙ্গ ইন্সটিটিউট স্থাপন করা হবে: শিল্পমন্ত্রী

৩। আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে : শিক্ষামন্ত্রী

৪। গণমাধ্যম ও প্রশাসনের মিল গণতন্ত্রকে জোরদার করে : তথ্যমন্ত্রী

৫। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত
: দুই ঘণ্টার কর্মবিরতিতে প্রকৃচি ও ২৬ ক্যাডারের কর্মকর্তারা

৬। ১৮ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ

৭। ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ

৮। বেসরকারি হজ প্যাকেজ সর্বনিম্ন ৩ লাখ ৪,৯০৩ টাকা
: ১৭ জানুয়ারি থেকে নিবন্ধন কার্যক্রম শুরু

৯। বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু

১০। নতুন মুদ্রানীতি আসছে আজ

১১। জনগণের নিরাপত্তা চেয়ে আইজিপিকে গভর্নরের চিঠি

১২। সিডও সনদ থেকে ‘সংরক্ষণ’ শব্দ প্রত্যাহারের আহ্বান

**১।　সবার জন্য পুষ্টি নিশ্চিত করতে হবে : ঋণ বিতরণ কর্মসূচি উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

ডেইরি শিল্পের উন্নয়ন জোরদারের মাধ্যমে সবার জন্য পুষ্টি নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই লক্ষ্য অর্জনে সরকারের প্রচেষ্টায় সহযোগিতা দেওয়ার জন্য বেসরকারি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, দেশ ইতোমধ্যেই খাদ্য উৎপাদন জোরদারের মাধ্যমে সবার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করেছে। এখন আমাদের লক্ষ্য অপুষ্টি দূর করার মাধ্যমে সবার জন্য পুষ্টি নিশ্চিত করা। গতকাল **১৩** জানুয়ারি বুধবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে দুধ উৎপাদনে বাংলাদেশকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে ৫ শতাংশ সুদে ঋণ বিতরণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৪)।

**২।　গার্মেন্টস এ্যাক্সেসরিজ শিল্পের জন্য পূর্ণাঙ্গ ইন্সটিটিউট স্থাপন করা হবে: শিল্পমন্ত্রী**

গার্মেন্টস এ্যাক্সেসরিজ ও প্যাকেজিং শিল্পের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ ইন্সটিটিউট ও টেস্টিং ল্যাবরেটরি স্থাপন করা হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এ জন্য প্রয়োজনীয় জায়গা বরাদ্দ দিতে ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয় থেকে বিসিককে নির্দেশনা দেওয়া হয়েছে। শিল্পমন্ত্রী গতকাল **১৩** জানুয়ারি বুধবার বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশনসিটিতে আয়োজিত ‘আন্তর্জাতিক গার্মেন্টস এ্যাক্সেসরিজ ও প্যাকেজিং মেশিনারিজ প্রদর্শনী-২০১৬’ এর উদ্বোধনকালে এ কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** ( পৃ.১৪ক.১), **নিউজ টুডে** ( পৃ.১ক.৬) **ডেইলি স্টার বিজনেস** (পৃ.১ক.১)।

**৩।　আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে : শিক্ষামন্ত্রী**

নিজস্ব ক্যাম্পাস ব্যতিত অন্যত্র কার্যক্রম পরিচালনা বন্ধে সরকারি প্রজ্ঞাপন জারির পরও যে সকল বিশ্ববিদ্যালয় আইন অমান্য করবে তাদের বিরুদ্ধে অতিদ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল **১৩** জানুয়ারি বুধবার আশুলিয়ার দত্তপাড়ায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত ৫ম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩ক.১), **প্রথম আলো** ( পৃ.১৭ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫),

**৪।　গণমাধ্যম ও প্রশাসনের মিল গণতন্ত্রকে জোরদার করে : তথ্যমন্ত্রী**

গণমাধ্যম ও প্রশাসনের মিল গণতন্ত্রকে জোরদার করে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল **১৩** জানুয়ারি বুধবার বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট মিলনায়তনে ‘কারা কর্মকর্তাদের গণমাধ্যম ব্যবস্থাপনা’ শীর্ষক দু’দিনব্যাপী প্রশিক্ষণ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৩), **যুগান্তর** ( পৃ.১৬ক.৮),

**৫।　বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত**

**: দুই ঘন্টার কর্মবিরতিতে প্রকৃচি ও ২৬ ক্যাডারের কর্মকর্তারা**

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য অষ্টম জাতীয় বেতন কাঠামোতে অর্থমন্ত্রী-প্রদত্ত প্রতিশ্রুতি সমূহ পূরণ ও অন্যান্য অসঙ্গতি দূরীকরণের দাবিতে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে অনিদিষ্টকালের কর্মবিরতি অব্যাহত রয়েছে। বাংলাদেশ বিশ্ববিদালয় শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে গত ১১ জানুয়ারি সোমবার থেকে এই কর্মবিরতি শুরু হয় বেতনস্কেল ও চাকরির বৈষম্য নিরসনের দাবিতে প্রকৌশলী, কৃষিবিদ, চিকিৎসক এবং ২৬ ক্যাডার ও বিভিন্ন ফাংশনাল সার্ভিসের কর্মকর্তারাও গতকাল ১৩ জানুয়ারি দু'ঘন্টার কর্মবিরতি পালন করেছেন। ১৭ জানুয়ারি পর্যন্ত এ কর্মসূচি চলবে। প্রতিদিন দুপুর ১২টা থেকে দু'টা পর্যন্ত এ কর্মবিরতি পালন করছেন তারা। ২৬ ক্যাডারের অন্তর্ভূক্ত রয়েছেন সরকারি কলেজ শিক্ষকরা। তারাও দু'ঘন্টা কর্মবিরতিতে ছিলেন। বিভিন্ন হাসপাতালে কর্মরত চিকিৎসকরাও এই দুই ঘন্টার কর্মবিরতি পালন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪) **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৬। ১৮ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ**

মাঠপ্রশাসনে রদবদলে দেশের ১৮ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। জনপ্রশাসন মন্ত্রণালয় গতকাল ১৩ জানুয়ারি বুধবার এই বদলির আদেশ জারি করেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১ ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।



**৭। ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ**

৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষায় মোট ৬০৮৮ জন উত্তীর্ণ হয়েছেন। গতকাল ১৩ জানুয়ারি বুধবার সরকারি কর্মকমিশনের ওয়েবসাইটে উত্তীর্ণদের তালিকা প্রকাশ করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** ( পৃ.১ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪)।

**৮। বেসরকারি হজ প্যাকেজ সর্বনিম্ন ৩ লাখ ৪,৯০৩ টাকা**

**: ১৭ই জানুয়ারি থেকে নিবন্ধন কার্যক্রম শুরু**

বেসরকারি ব্যবস্থাপনায় হজ প্যাকেজ সর্বনিম্ন ৩ লাখ ৪ হাজার ৯শ'৩ টাকা ১৮ পয়সা নির্ধারণ করা হয়েছে। ফিরতি হজ ফ্লাইটের সময়সীমা সর্বোচ্চ ৪০ দিন ধার্য করে হজ প্যাকেজ ঘোষণা করা হয়েছে। আগামী ১৭ জানুয়ারি থেকে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন কার্যক্রম শুরু হবে। গতকাল ১৩ জানুয়ারি বুধবার নয়াপল্টনের একটি হোটেলে হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ আয়োজিত সংবাদ সম্মেলনে বেসরকারি হজ প্যাকেজ ঘোষণা করা হয়। সূত্র-সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯ক.১), **ডেইলি স্টার** (পৃ.২ ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৯। বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু**

বিশ্ব তাবলিগ জামাতের ৫১তম বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব আগামীকাল ১৫ জানুয়ারি শুক্রবার থেকে টঙ্গীর তুরাগ নদের পূর্ব তীরে শুরু হচ্ছে। ইতোমধ্যে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। প্রথম পর্বে ১৭টি জেলার মুসল্লির সঙ্গে বিশ্বের আরও অর্ধশতাধিক দেশের ১২ হাজার প্রতিনিধি অংশ নিয়েছিলেন। দ্বিতীয় পর্বে অংশ নেবেন দেশের বাকি ১৬ জেলার মুসল্লিসহ বিদেশি প্রতিনিধিগণ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৮)

**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১)।

**১০। নতুন মুদ্রানীতি আসছে আজ**

আজ চলতি অর্থবছরের দ্বিতীয়ার্ধের (জানুয়ারি-জুন) মুদ্রানীতি ঘোষণা করবে বাংলাদেশ ব্যাংক। বেলা সাড়ে ১১টায় সংবাদ সম্মেলন করে চলতি অর্থবছরের নতুন মুদ্রানীতি ঘোষণা করবেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.৮) **সমকাল** (পৃ.১ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১ক.১)।

**১১। জনগণের নিরাপত্তা চেয়ে আইজিপিকে গভর্নরের চিঠি**

জনগণের নিরাপত্তা চেয়ে পুলিশের আইজি একেএম শহীদুল হককে চিঠি দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক গোলাম রাব্বানীকে পুলিশ নির্যাতন ও হুমকির পর এ চিঠি দিলেন তিনি। গতকাল ১৩ জানুয়ারি বুধবার চিঠির বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও মহাব্যবস্থাপক এএফএম আসাদুজ্জামান। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১ক.১)নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১২। সিডও সনদ থেকে 'সংরক্ষণ' শব্দ প্রত্যাহারের আহ্বান**

অনতিবিলম্বে সিডও সনদের সংরক্ষিত ২টি ধারা,২ ও ধারা ১৬,১ (গ) থেকে সংরক্ষণ শব্দটি প্রত্যাহারের দাবি জানিয়েছে সিটিজেনস ইনিশিয়েটিভস অন সিডও। সংগঠনটির নেতৃবৃন্দ জানান। এই সংরক্ষণ শব্দটি সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক। তারা বলেন, বাংলাদেশে ৮৭ শতাংশ নারী পারিবারিক নির্যাতনের শিকার। দেশে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে সরকার অনেক পদক্ষেপ নিয়েছে। গতকাল ১৩ জানুয়ারি বুধবার সিরডাপ আন্তর্জাতিক কনফারেন্স সেন্টারে ৫৩টি বেসরকারি ও মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত 'প্লাটফরম সিটিজেনস ইনিশিয়েটিভ অন সিডও, বাংলাদেশ এর আয়োজনে অষ্টম সিডও শ্যাডো রিপোর্টের ওপর জাতীয় মতবিনিময় সভা'য় বক্তারা এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (শেষ পৃ,ক.৫) **সংবাদ** (শেষ পৃ,ক.২) **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, যুগান্তর :** সরকারের দুই বছর পুর্তি উপলক্ষে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে বাংলাদেশ উন্নয়নের মহাসড়কে রয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে বক্তব্য দিয়েছেন তা সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ বলে মত প্রকাশ।

খ. **ইত্তেফাক :** কুমিল্লা মেডিকেল কলেজে শিক্ষানবিস চিকিৎসকদের ওপর রোগীর স্বজনদের দুই দফা হামলায় নিন্দা জানিয়ে এরকম ঘটনা যাতে না ঘটে সে জন্য চিকিৎসকদের সেবা প্রদানে আন্তরিকতার পাশাপাশি এ ধরনের হামলা সংঘটনকারীদের উপযুক্ত বিচারের সুপারিশ।

চলমান পাতা/৪

গ. **জনকণ্ঠ, সংবাদ :** ব্যবসায়ী সন্দেহে বাংলাদেশ ব্যাংকের একজন কর্মকর্তাকে নির্যাতনকারী পুলিশের এসআই এর শাস্তির দাবি জানিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সর্বস্তরে নীতি-নৈতিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার মনোভাবের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল, ইনকিলাব :** ঢাকা শহরকে দূষণমুক্ত রাখতে যানজট কমানোর যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **প্রথম আলো :** বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে অনন্য সাধারণ ভূমিকা পালনকারী ভারতীয় জেনারেল জে এফ জ্যাকবের মৃত্যুতে শোক প্রকাশ।

চ. **ডেইলি স্টার, যায়যায়দিন, প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব :** ব্রাহ্মণবাড়িয়ায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ত্রিমুখী সংঘর্ষে এক মাদ্রাসা ছাত্রের মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার জন্য নেপথ্যের কেউ জড়িত কিনা তা খুঁজে বের করে বিচার দাবি।

ছ. **নিউজ টুডে :** বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা নিয়ে বাণিজ্য বন্ধে কঠোর পদক্ষেপ কামনাকরে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে যে দেশের জনগণ যত বেশি সভ্যতার উপাদানে পুষ্ট সে দেশের গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার ভিত তত বেশি শক্তিশালী ও স্থিতিশীল বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'উচ্চ শিক্ষায় সরকারের অবদান'** শিরোনামের নিবন্ধে ড. মিল্টন বিশ্বাস সমাজ ও রাষ্ট্রের নেতৃত্ব অর্জনের জন্য শিক্ষার্থীদের গড়ে তোলা এবং তাদের মধ্যে সুস্থ মানসিকতা ও উচ্চ মানসম্পন্ন মনন সৃষ্টি করা বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা